14

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... DEC 2৩ 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬.....



গতকাল নগরীর একটি স্কুলে ভর্তি পরীক্ষা চলাকালে অভিভাবকবৃন্দ এইভাবে দাঁড়াইয়া-বসিয়া সময় কাটান —ইত্তেফাক

# নগরীর অধিকাংশ স্কুলে শিক্ষার মান নিম্ন পর্যায়ের ॥ মাত্র কয়েকটিতে ভর্তিযুদ্ধ

রেজানুর রহমান ॥ প্রতি বছরের ন্যায় এবারও স্কুলে ভর্তিযুদ্ধ শুরু হইয়াছে। বছরের শেষে ইহাই নগরীর স্বাভাবিক দৃশ। সরকারী বেসরকারী মিলাইয়া রাজধানী ঢাকায় স্কুলের সংখ্যা হইল ৩৮৪। অথচ মাত্র হাতেগোণা ১৫ হইতে ২০টি স্কুলেই চলে ভর্তির লড়াই। ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ এক স্কুল হইতে অন্য স্কুলে ঘুরিয়া-ফিরিয়া পরিশ্রান্ত হন, কাঙ্খিত স্কুলে সন্তান-সন্ততিদের ভর্তি করিতে না পারিয়া অনেকেই মানসিকভাবে ভাঙ্গিয়া পড়েন।

বছরে পর বছর ধরিয়া এই অবস্থা চলিতেছে। কিন্তু পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার ব্যাপারে কাহারও কোন মাথা ব্যথা নাই। গতকাল (বুধবার) ভিকারুননিসা নূন (২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ভর্তিযুদ্ধ

(১ম পৃঃ পর)

স্কুলে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। মাত্র আড়াইশত আসনের জন্য প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা দেয়। এই পরীক্ষা উপলক্ষে ভিকারুননিসা নুন স্কুলে অভিভাবকদের ভিড় অতীতের রেকর্ড ছাড়াইয়া যায়। সন্তানকে পরীক্ষার হলে পাঠাইয়া অভিভাবকরা স্কুলের মাঠে এবং পার্শ্ববর্তী রাস্তার ফুটপাতে দাঁড়াইয়া আড্ডা জমাইয়া সময় কাটাইয়াছেন। সন্তান পরীক্ষায় টিকিবে কিনা ইহাই ছিল তাহাদের একমাত্র চিন্তা। অভিভাবকদের আড্ডায় আলোচনার কেন্দ্রবিন্দু ছিল নগরীর ভর্তি সংকট। নগরীর অধিকাংশ স্কুলেই আসন সংখ্যা সীমিত-ঠাঁই নাই।

এদিকে, ২৬শে ডিসেম্বর হইতে ঢাকার ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হইবে। প্রতিটি স্কুলে ভর্তি ফরম সংগ্রহের ভিড় শুরু হইয়াছে। আজ ফরম সংগ্রহের শেষ দিন। ক, খ ও গ-এই ৩টি গ্রুপের আওতায় সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ক গ্রুপের আওতায় রহিয়াছে গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চবিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়। ২৬শে ডিসেম্বর ক' গ্রুপের স্কুলসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

খ' গ্রুপের আওতায় মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ে ২৭শে ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

গ' গ্রুপের আওতায় ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী বালক বিদ্যালয়ে ২৮শে ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

মতিঝিলস্থ আইডিয়াল স্কুলে এখনও ভর্তির সময়সূচী নির্ধারণ করা হয় নাই। স্কুলের একজন শিক্ষক জানান, ৫/৭ দিনের মধ্যে ভর্তির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

গতকাল খোঁজ নিয়া জানা গিয়াছে, নগরীতে প্রায় ৪ শত স্কুল থাকা সত্ত্বেও ১৫/২০টি স্কুলে ভর্তির ব্যাপারেই ছাত্র-ছাত্রীদের আগ্রহ বেশী। ৫ম শ্রেণী, ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা এবং এসএসসি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের কারণে এই সকল স্কুল আকর্ষণীয় হইয়া উঠিয়াছে। বাড়ীর পাশেই স্কুল রাখিয়া অনেকেই দূর-দূরান্তের স্কুলের দিকে ছুটিতেছে। এ সম্পর্কে একজন শিক্ষাবিদের মন্তব্য ঃ নগরীতে স্কুলের সংখ্যা অনুযায়ী ভর্তির সংকট থাকার কথা নয়। সংখ্যাগরিষ্ঠ স্কুল লেখাপড়ার মান বৃদ্ধির আন্তরিক উদ্যোগ নিলে ভর্তির সংকট স্বাভাবিক ভাবেই দূর হইয়া যাইবে।